



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website -www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১২-২১

তারিখ : ০৭ আগস্ট, ২০১২ খ্রিষ্টাব্দ  
২৩ শ্রাবন, ১৪১৯ বঙ্গাব্দ

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

চাউল রপ্তানী নিষিদ্ধকরণ সংক্রান্ত এস,আর,ও প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ১৭/০৭/২০১২ তারিখে জারিকৃত এস,আর,ও নং-২৬২-আইন/২০১২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার )

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়  
বাণিজ্য শাখা-১  
আদেশ

তারিখ, ০২ শ্রাবণ ১৪১৯ বঙ্গাব্দ/১৭ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং ২৬২-আইন/২০১২ — Imports and Exports (Control) Act, 1950 (Act XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ বাজারে চাউলের সরবরাহ বৃদ্ধি, বাজার মূল্য নিয়ন্ত্রণ এবং মূল্যের উর্ধ্বগতি ও দুঃপ্রাপ্যতা রোধ করার লক্ষ্যে, সুগন্ধি চাউল ব্যতীত সকল প্রকার চাউল (এইচ এস কোড ১০.০৬) এর রপ্তানি আগামী ৩০ জুন, ২০১৩ তারিখ পর্যন্ত এতদ্বারা নিষিদ্ধ (Prohibit) করিল :

তবে শর্ত থাকে যে, সুগন্ধি চাউল রপ্তানীর ক্ষেত্রে ৩ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত আদেশ এস.আর. ও নং ১৪৯-আইন/২০১২ এ নির্ধারিত সময়সীমা অর্থাৎ ২ ডিসেম্বর, ২০১২ এবং শর্ত ও ব্যাখ্যা প্রযোজ্য হইবে।

২। এই আদেশ বিগত ১ জুলাই, ২০১২ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জেহসান ইসলাম

উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১২১৩৪৩)

মূল্য : টাকা ৪.০০